# শিক্ষা বিনিয়োগ কৌশল CAERDYDD 2024 – 2033

## সংক্ষিপ্ত নথি

## শেখার জটিল চাহিদাসম্পন্ন প্রাইমারি ও সেকেন্ডারী বয়সের শিক্ষার্থীদের জন্য বিশেষজ্ঞ বিধান

**09 ফেব্রুয়ারী 2026 – 26 মার্চ 2026**

এই নথিটি ব্রেইল ভাষায় পাবার বন্দোবস্ত করা যাবে
এই নথির একটি সম্পূর্ণ সংস্করণ এখানে পাওয়া যায়
Additional Learning Needs (ALN) provisions
প্রয়োজনে অন্যান্য কমিউনিটি ভাষাতেও তথ্য পাবার বন্দোবস্ত করা যাবে
এটি ব্যবস্থা করার জন্য দয়া করে আমাদের সাথে 029 2087 2720 নম্বরে যোগাযোগ করুন

# ভূমিকা

## এই পুস্তিকাটি কী সম্পর্কে?

এই পুস্তিকাটি পিতামাতা/কেয়ারার, স্কুল স্টাফ, স্কুল গভর্নর এবং কার্ডিফের শিক্ষায় আগ্রহী যে কারও জন্য।

কাউন্সিল শেখার জটিল চাহিদাসম্পন্ন প্রাইমারি এবং সেকেন্ডারী বয়সের শিক্ষার্থীদের জন্য বন্দোবস্তে পরিবর্তন আনতে চায়।

আমরা চাই সবাই বুঝতে পারুক যে কী প্রস্তাব করা হচ্ছে, তাই আপনি পরিবর্তনগুলি সম্পর্কে কী ভাবছেন তা আমাদের বলতে পারেন।

এই পুস্তিকাটি এই পরিবর্তনগুলির উপর কনসালটেশন নথির একটি সংক্ষিপ্ত সংস্করণ। আপনি কনসালটেশন নথিটি এখানে Additional Learning Needs (ALN) provisions দেখতে পাবেন।

## আমরা কী করার প্রস্তাব করছি?

শেখার জটিল চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য বিশেষজ্ঞ স্থানসমূহের চাহিদা মেটাতে এটি প্রস্তাব করা হয়েছে:

- বিদ্যমান বিল্ডিংগুলির মধ্যে জানুয়ারী 2027 থেকে Adamsdown প্রাইমারি স্কুলে একটি নতুন 10 প্লেইস কমপ্লেক্স লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস প্রতিষ্ঠা করা
- বিদ্যমান বিল্ডিংগুলির মধ্যে জানুয়ারী 2027 থেকে Pencaerau প্রাইমারি স্কুলে একটি নতুন 20 প্লেইস কমপ্লেক্স লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস প্রতিষ্ঠা করা
- বিদ্যমান বিল্ডিংগুলির মধ্যে জানুয়ারী 2027 থেকে Peter Lea প্রাইমারি স্কুলে একটি নতুন 20 প্লেইস কমপ্লেক্স লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস প্রতিষ্ঠা করা
- জানুয়ারী 2027 থেকে Meadowbank স্পেশাল স্কুলে নির্ধারিত প্লেইসের সংখ্যা 98 থেকে 110-এ বৃদ্ধি করা
- জানুয়ারী 2027 থেকে রূপান্তর সময়ের জন্য রিভারব্যাংক স্পেশাল স্কুল, ভিনসেন্ট রোড, ইলির বিদ্যমান ভবন (Riverbank Special School, Vincent Road, Ely) এবং খালি আবাসন ব্যবহার করে Tŷ Gwyn স্পেশাল স্কুলের ক্ষমতা 240টি প্লেইস থেকে 300টি প্লেইসে বৃদ্ধি করা। সম্প্রসারিত স্কুলটি সেপ্টেম্বর 2030 থেকে 320টি প্লেইসে ক্ষমতা আরও বৃদ্ধি করে Llanishen এর Tŷ Glas সাইটে নতুন নির্মিত আবাসনে স্থানান্তরিত হবে
- জানুয়ারী 2027 থেকে Woodlands হাই স্কুলের সক্ষমতা 240টি প্লেইস থেকে 300টি প্লেইসে বৃদ্ধি করা। স্কুলটি ফেয়ারওয়াটার (Fairwater) ক্যাম্পাস সাইট এবং বিদ্যমান ভিনসেন্ট রোড ক্যাম্পাস সাইট সহ দুটি সাইটে স্থান দেওয়া হবে। ভিনসেন্ট রোড ক্যাম্পাস সাইটে নতুন নির্মিত আবাসন শেষ হওয়ার পরে সেপ্টেম্বর 2032 থেকে স্কুলের ক্ষমতা আরও 360টি প্লেইসে উন্নীত করা হবে

কাউন্সিল শিক্ষার্থীদের জন্য বিধান তথা বন্দোবস্ত বাড়ানোর জন্য পৃথক প্রস্তাব নিয়েও সলাপরামর্শ (কনসালটেশন) করছে:

- অটিজম/সামাজিক যোগাযোগ চাহিদাসমূহ
- মানসিক স্বাস্থ্য এবং কল্যাণের চাহিদাসমূহ

আপনি এই প্রস্তাবগুলির বিশদ বিবরণ এখানে পাবেনঃ Additional Learning Needs (ALN) provisions

## আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

- কাউন্সিলের Additional Learning Needs (ALN) provisions এই ওয়েবসাইটে সলাপরামর্শ (কনসালটেশন) নথিতে বিস্তারিত তথ্য পাওয়া যাবে

- আপনি যদি অনলাইনে তথ্য এক্সেস করতে অক্ষম হন তবে এই কনসালটেশন নথির একটি মুদ্রিত কপি আপনার কাছে পোস্ট করার জন্য আপনি অনুরোধ করতে পারেন। আপনি schoolresponses@cardiff.gov.uk ঠিকানায় ই-মেইল করে বা 029 2087 2720 নম্বরে টেলিফোন করে এটি অনুরোধ করতে পারেন।

- আমরা এই প্রস্তাবগুলির অংশ হিসাবে অন্তর্ভুক্ত স্কুলগুলিতে শিশুদের সাথে পরিবারগুলিকে পরামর্শ দেব যে তারা কীভাবে নথির একটি কপি পেতে পারেন।

- আমরা যে কারও অংশগ্রহণের জন্য পাবলিক মিটিং এবং ড্রপ-ইন সেশনের আয়োজন করব যেখানে আমরা যে পরিবর্তনগুলি প্রস্তাব করছি তা ব্যাখ্যা করা হবে। এই সেশনগুলির অংশ হিসাবে আপনি প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ পাবেন।

- কাউন্সিল কর্মকর্তারা এই প্রস্তাবগুলির অংশ হিসাবে অন্তর্ভুক্ত স্কুলগুলির গভর্নিং বডি এবং স্টাফদের সাথে (প্রয়োজন অনুসারে) দেখা করবেন।

- আপনি কী মনে করেন তা আমাদের জানাতে আপনি কাউন্সিলকে লিখতে পারেন।

কনসালটেশন বৈঠকের তারিখগুলি নীচে নির্ধারণ করা হয়েছে:

**টেবিল 1: পরামর্শ সভার তারিখ**

| কনসালটেশনের ধরন | তারিখ/সময় | স্থান |
|---|---|---|
| ড্রপ-ইন সেশন | বৃহস্পতিবার 19 ফেব্রুয়ারী 2026<br>সকাল 9:30 টা - সকাল 11:30 টা | ক্লানিশান হাব (Llanishen Hub) |
| ড্রপ-ইন সেশন | শুক্রবার 27 ফেব্রুয়ারী 2026<br>সকাল 10:30 টা - দুপুর 12:30 টা | ইলি এবং কাইরা হাব (Ely and Caerau Hub) |
| ড্রপ-ইন সেশন | শুক্রবার 06 মার্চ 2026<br>সকাল 11:30 টা - দুপুর 1:30 টা | স্টার হাব (Star Hub) |

| | | |
|---|---|---|
| ড্রপ-ইন সেশন | সোমবার 09 মার্চ 2026<br>দুপুর 12 টা - দুপুর 2 টা | লাওডন কালচার এবং মিডিয়া সেন্টার (Loudon Culture and Media Centre) |
| ড্রপ-ইন সেশন | বুধবার 18 মার্চ 2026<br>সকাল 11 টা - দুপুর 1 টা | সেইন্ট মেলনস হাব (St Mellons Hub) |
| অনলাইন ড্রপ-ইন সেশন | বুধবার 18 ফেব্রুয়ারী 2026<br>দুপুর 12 টা - দুপুর 1 টা | টীম্স্ (Teams) |
| অনলাইন ড্রপ-ইন সেশন | সোমবার 23 ফেব্রুয়ারী 2026<br>দুপুর 1 টা থেকে দুপুর 2 টা | টীম্স্ (Teams) |
| অনলাইন ড্রপ-ইন সেশন | মঙ্গলবার 24 ফেব্রুয়ারী 2026<br>দুপুর 2 টা - বিকেল 3 টা | টীম্স্ (Teams) |
| অনলাইন ড্রপ-ইন সেশন | সোমবার 02 মার্চ 2026<br>বিকেল 5 টা - সন্ধ্যা 6 টা | টীম্স্ (Teams) |
| অনলাইন ড্রপ-ইন সেশন | শুক্রবার 13 মার্চ 2026<br>দুপুর 12:30 টা - দুপুর 1:30 টা | টীম্স্ (Teams) |
| জনসভা (পাবলিক মিটিং) (স্বশরীরে উপস্থিত হয়ে) | বৃহস্পতিবার 19 মার্চ 2026<br>বিকেল 5:30 টা - সন্ধ্যা 6:30 টা | সেন্ট্রাল লাইব্রেরী (Central Library) |

## আমি কিভাবে আমার মতামত দিতে পারি

আপনার মতামত গুরুত্বপূর্ণ এবং আমরা চাই যে আপনি এই নথিতে যে পরিবর্তনগুলি আমরা প্রস্তাব করেছি সে সম্পর্কে আপনি কী মনে করেন তা আমাদের জানান।

আপনি এটি করতে পারেন নিম্নলিখিত উপায়ে:

- একটি ড্রপ-ইন সেশনে স্বশরীরে অংশ নিয়ে। এই সেশনগুলির জন্য আপনার আগাম বুকিং করার দরকার নেই। নির্দিষ্ট তারিখ এবং সময়ে কেবল ভেন্যুতে উপস্থিত হলেই হবে

- একটি অনলাইন ড্রপ-ইন সেশনে অংশ নিয়ে। আপনি কোন সেশনে অংশ নিতে চান তা নিশ্চিত করার জন্য দয়া করে schoolresponses@cardiff.gov.uk এই ঠিকানায় ই-মেইলের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন এবং আপনি কীভাবে মিটিংয়ে এক্সেস করতে পারেন সে সম্পর্কে আমরা একটি লিঙ্ক এবং নির্দেশাবলী প্রদান করব

- স্বশরীরে পাবলিক মিটিংয়ে অংশগ্রহণ করে। আপনি যদি উপস্থিত থাকতে চান তবে দয়া করে schoolresponses@cardiff.gov.uk এই ঠিকানায় ই-মেইলের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন এবং ব্যবস্থাগুলি জানানোর জন্য আমরা উত্তর দেব

- বৈদ্যুতিন সাড়া ফর্মটি পূরণ করার মাধ্যমে, যেটি আপনি এখানে পেতে পারেনঃ Additional Learning Needs (ALN) provisions

- কনসালটেশন সাড়া ফর্মটি ছেপে এবং পূরণ করার মাধ্যমে, যেটি আপনি Additional Learning Needs (ALN) provisions সাইটে পাবেন এবং ফর্মটি ডাকযোগে School Organisation Planning Team, Room 463, County Hall, Cardiff, CF10 4UW ঠিকানায় ফেরত পাঠিয়ে

- schoolresponses@cardiff.gov.uk ঠিকানায় স্কুল অর্গানাইজেশন প্ল্যানিং টিমকে ই-মেইল মারফত চিঠি লিখে বা ডাকযোগে School Organisation Planning Team, Room 463, County Hall, Cardiff, CF10 4UW ঠিকানায় চিঠি লিখার মাধ্যমে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে আপনার যদি কোনও নির্দিষ্ট প্রশ্ন থাকে যা সম্পর্কে আপনি আরও তথ্য চান তবে কোনও কর্মকর্তাকে অনুরোধ করতে পারেন আপনাকে কল ব্যাক করার জন্য

দয়া করে মনে রাখবেন যে লিখিত বা ই-মেইলের মাধ্যমে প্রেরিত সমস্ত মন্তব্যে অবশ্যই মন্তব্যকারী ব্যক্তির পুরো নাম এবং ডাক ঠিকানা থাকতে হবে।

**এই কনসালটেশনের প্রতিক্রিয়াগুলির শেষ তারিখ 26 মার্চ 2026।**

দুর্ভাগ্যক্রমে, আমরা এই তারিখের পরে প্রাপ্ত কোনও পরামর্শের প্রতিক্রিয়া বিবেচনা করতে সক্ষম হব না।

## কেন আমরা এই পরিবর্তনগুলি প্রস্তাব করছি?

কাউন্সিলের বেশ কয়েকটি কৌশল রয়েছে যা এই প্রস্তাবগুলিকে সমর্থন করে।

### অধিকতর শক্তিশালী ন্যায্য সবুজ (স্ট্রংগার ফেয়ারার গ্রীনার)

কাউন্সিলের 'অধিকতর শক্তিশালী, ন্যায্য, সবুজ' নীতির লক্ষ্য দারিদ্র্য হ্রাস, দীর্ঘমেয়াদী সমৃদ্ধি প্রচার করা এবং তাদের শিক্ষা জুড়ে দুর্বল শিক্ষার্থীদের সহায়তা করার জন্য শিক্ষার উন্নতি করা। অধিকতর শক্তিশালী, ন্যায্য, সবুজ (স্ট্রংগার ফেয়ারার গ্রীনার) দেখার জন্য এখানে উপলব্ধঃ Stronger Fairer Greener

### কার্ডিফ 2030

কার্ডিফের 2030 ভিশনের লক্ষ্য প্রতিটি শিশু এবং কিশোর-তরুণকে শিক্ষার ন্যায্য এক্সেস দেওয়া, তাদের সাফল্য অর্জন করতে এবং তাদের উচ্চাকাঙ্ক্ষা অর্জনে সহায়তা করা। এটি সেই শিক্ষার্থীদের জন্য বাধা কাটিয়ে ওঠার দিকে মনোনিবেশ করে যারা সবচেয়ে বেশি চ্যালেঞ্জের মুখোমুখি হয়।

কার্ডিফের 2030 ভিশন দেখার জন্য এখানে উপলব্ধঃ Cardiff 2030

### অন্তর্ভুক্তি কৌশল

অন্তর্ভুক্তি কৌশলটির লক্ষ্য কার্ডিফের স্কুলগুলিতে সবাইকে অন্তর্ভুক্ত করা নিশ্চিত করা যাতে শেখার অতিরিক্ত চাহিদাসম্পন্ন বেশিরভাগ শিক্ষার্থীরা তাদের স্থানীয় মূলধারার স্কুলগুলিতে সাফল্য অর্জন করতে পারে। শিক্ষার্থীদেরকে সর্বোত্তম সহায়তা করার জন্য যখন প্রয়োজন হয় তখন যেনো বিশেষজ্ঞ বিধান তথা বন্দোবস্তও পাওয়া যায়।

কার্ডিফের অন্তর্ভুক্তি কৌশলটি দেখার জন্য এখানে উপলব্ধঃ Education Inclusion Strategy

### শিক্ষা বিনিয়োগ কৌশল Caerdydd 2024 – 2033

শিক্ষা বিনিয়োগ কৌশল Caerdydd 2024-2033 স্থানীয় এবং জাতীয় অগ্রাধিকারসমূহের সাথে সামঞ্জস্য রেখে কার্ডিফের শিক্ষা ব্যবস্থার উন্নতির জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা তুলে ধরে। এটি ন্যায্য, উচ্চাকাঙ্খী এবং স্থিতিশীল শিক্ষার উপর দৃষ্টি নিবদ্ধ করে।

শিক্ষা বিনিয়োগ কৌশল Caerdydd 2024 - 2033 দেখার জন্য এখানে উপলব্ধঃ [Education Investment Strategy 2024 to 2033]

## কার্ডিফের সাসটেইনেবল কমিউনিটিজ ফর লার্নিং রোলিং প্রোগ্রাম 2024-2033

কার্ডিফ সাসটেইনেবল কমিউনিটিজ ফর লার্নিং রোলিং প্রোগ্রাম 2024-2033 কার্ডিফের স্কুলগুলির উন্নতির একটি পরিকল্পনা। এর লক্ষ্য স্কুল ভবনগুলিতে অর্থ ব্যয় করে শিক্ষাকে আরও উন্নত করা যাতে এগুলিকে আরও আধুনিক এবং সবার জন্য উপযুক্ত করা যায়।

## কার্ডিফের ওয়েলশ ইন এডুকেশন স্ট্র্যাটেজিক প্ল্যান (ডব্লিউইএসপি)

কার্ডিফ ওয়েলশ ইন এডুকেশন স্ট্র্যাটেজিক প্ল্যানের (কার্ডিফের শিক্ষা ক্ষেত্রে ওয়েলশ্ ভাষা বিষয়ক কৌশলগত পরিকল্পনা) লক্ষ্য ওয়েলশ সরকারকে 2050 সালের মধ্যে এক মিলিয়ন ওয়েলশ ভাষাভাষীর লক্ষ্যমাত্রায় পৌঁছাতে সহায়তা করা। এটি ওয়েলশ ভাষায় শেখার আরও সুযোগ তৈরি করে, অতিরিক্ত চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের সমর্থন করে এবং ওয়েলশ ভাষায় শিক্ষাদানের জন্য আরও শিক্ষকদের প্রশিক্ষণ দিয়ে এটি করে।

কার্ডিফ ওয়েলশ ইন এডুকেশন স্ট্র্যাটেজিক প্ল্যান দেখার জন্য এখানে উপলব্ধঃ [Cardiff Welsh in education strategic plan.pdf]

## বিশেষ খাতে পর্যাপ্ততা

কার্ডিফ কাউন্সিল অন্তর্ভুক্তির (ইনক্লুশন) নীতির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

অতিরিক্ত লার্নিং নীডস (এএলএন) তথা শেখার অতিরিক্ত চাহিদাসম্পন্ন বেশিরভাগ শিক্ষার্থী একটি স্থানীয় মূলধারার স্কুলে পড়াশুনা করে এবং অতিরিক্ত লার্নিং প্রভিশন (এএলপি) দ্বারা সমর্থিত। যাদের আরও গুরুতর বা জটিল প্রয়োজন রয়েছে তারা একটি বিশেষ স্কুল বা বিশেষজ্ঞ রিসোর্স বেইসে (বিশেষ বন্দোবস্তবিশিষ্ট সম্পদ/সংস্থান কেন্দ্র) যায়।

একটি স্পেশাল তথা বিশেষ বন্দোবস্তবিশিষ্ট স্কুল হলো অতিরিক্ত শেখার চাহিদা অথবা প্রতিবন্ধী শিশু এবং কিশোর-তরুণদের জন্য একটি স্কুল, যাদের প্রয়োজন/চাহিদাগুলি মূলধারার স্কুলে পূরণ করা যায় না। শিক্ষার্থীরা বিশেষজ্ঞ শিক্ষক এবং লার্নিং সাপোর্ট সহকারীদের দ্বারা শেখানো একটি বিশেষজ্ঞ পাঠ্যক্রম থেকে উপকৃত হয়।

একটি বিশেষজ্ঞ রিসোর্স বেইস হলো একটি মূলধারার স্কুলের একটি ছোট ক্লাস যা উল্লেখযোগ্য অতিরিক্ত শেখার চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য। শিক্ষার্থীদেরকে বিশেষজ্ঞ শিক্ষক এবং লার্নিং সাপোর্ট সহকারীদের দ্বারা শেখানো হয় এবং অন্যান্য মূলধারার শিক্ষার্থীদের সাথে শেখার, খেলাধুলা বা সামাজিক মেলামেশার সুযোগ রয়েছে।

যাদের একটি বিশেষ স্কুল বা বিশেষজ্ঞ রিসোর্স বেইসে জায়গা প্রয়োজন এরূপ গুরুতর এবং জটিল চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের সংখ্যা বেড়ে চলেছে।

এর কারণ হলো:

- উল্লেখযোগ্য অসুবিধা/পঙ্গুত্ব নিয়ে জন্মগ্রহণকারী শিশুদের বেঁচে থাকার হার উন্নত হয়েছে, যার অর্থ গুরুতর এবং জটিল প্রতিবন্ধকতাসম্পন্ন আরও বেশি শিক্ষার্থী রয়েছে।
- চাহিদাসমূহের ক্ষেত্রে বৃদ্ধিপ্রাপ্ত জটিলতা, যার অর্থ দাঁড়িয়েছে যে বিশেষজ্ঞ বিধান তথা বন্দোবস্তের চাহিদা বেড়েই চলেছে।
- অটিজম, এডিএইচডি, শারীরিক প্রতিবন্ধকতা এবং সংবেদনশীল/স্নায়ুবিক প্রতিবন্ধকতার মতো নির্দিষ্ট চাহিদাযুক্ত শিশুদের একটি বৃহত্তর সংখ্যা।
- মানসিক স্বাস্থ্য এবং সুখস্বাচ্ছন্দ্যের চাহিদাসম্পন্ন অধিক সংখ্যক শিশু এবং কিশোর-তরুণ। কোভিড 19 এর আগে এটি একটি প্রবণতা ছিল তবে স্কুল বন্ধ এবং মহামারী পরিচালনার অন্যান্য পদক্ষেপের কারণে এটি আরও বেড়েছে।

## বর্তমান সুযোগ-সুবিধা তথা বন্দোবস্ত (বিধান)

শেখার জটিল চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য বর্তমানে চারটি বিশেষ স্কুল এবং বারটি বিশেষজ্ঞ রিসোর্স বেইস রয়েছে।

কার্ডিফ জুড়ে বেশ কয়েকটি বিদ্যমান বিশেষজ্ঞ বন্দোবস্ত থাকলেও পর্যাপ্ত জায়গা পাওয়া যায় না। সাম্প্রতিক বছরগুলিতে একটি আসন তথা জায়গা থেকে উপকৃত হওয়া শিশুদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং আগামী বছরগুলিতে আরও বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।

কার্ডিফে পর্যাপ্ত বিশেষ স্কুল এবং বিশেষজ্ঞ রিসোর্স বেইস জায়গা না থাকায় কাউন্সিল অন্যান্য কাউন্সিল এলাকার বিশেষ স্কুল বা স্বতন্ত্র স্কুলে কিছু জায়গায় অর্থায়ন করেছে।

2024/25 সালে সমস্ত বয়সের শিক্ষার্থীদের জন্য এই জায়গাগুলিতে মোট ব্যয় ছিল £15.4 মিলিয়ন। এই ধরনের জায়গাগুলির জন্য 2025/26 এর বাজেট বর্তমানে £16.9 মিলিয়ন নির্ধারণ করা হয়েছে।

কাউন্সিল পরিচালিত বিধান তথা বন্দোবস্তের সম্প্রসারণ স্বতন্ত্র স্কুলগুলির স্থানগুলির উপর অব্যাহত নির্ভরতার চেয়ে আর্থিকভাবে অধিকতর ব্যয় সাশ্রয়ী হবে।


## বিশেষজ্ঞ বিধান তথা বন্দোবস্তের ভৌগোলিক বন্টন

কার্ডিফের কিছু অঞ্চলে অতিরিক্ত শেখার চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের সহায়তা করার জন্য পর্যাপ্ত বিশেষজ্ঞ জায়গা নেই। এটি এই অঞ্চলে বসবাসকারী শিক্ষার্থীদের অসুবিধায় ফেলতে পারে।

উপরন্তু, কিছু পরিবার সেই অঞ্চলগুলির সাথে অপরিচিত যেখানে বন্দোবস্ত অবস্থিত বা সেই অঞ্চলগুলিতে সহজেই ভ্রমণ করতে সক্ষম নাও হতে পারে।

যদিও এই ধরনের শিশুদের জন্য বিনামূল্যে ঘর থেকে স্কুল পরিবহণ পাওয়া যায়, তবে একটি অপরিচিত অঞ্চলে একটি ছোট শিশুকে স্কুলে পাঠানো পিতামাতা/কেয়ারারদের জন্য একটি কঠিন সিদ্ধান্ত।

শহর জুড়ে বিশেষজ্ঞ স্থানগুলির আরও ভাল বিতরণ শিক্ষার্থীদের এক্সেসের উন্নতি করবে। এটি অনেক শিক্ষার্থীর জন্য ভ্রমণের সময় হ্রাস করবে, পাশাপাশি উপলব্ধ জায়গার সংখ্যা বাড়িয়ে তুলবে।


This copy is produced specifically to supply County Council information. NO further copies may be made.
Mae'r copi hwn wedi'i gynhyrchu'n benodol i gyflenwi gwybodaeth y Cyngor Sir. Ni ellir gwneud copiau pellach.
© Crown copyright and database rights 2017 Ordnance Survey AC0000816513
© Hawlfraint y Goron a hawliau cronfa ddata 2017 Arolwg Ordnans AC0000816513
Llanishen (2)
Llanishen (1)
Llanishen Fach
Ysgol Cynefin (The Court School)
Greenhill
Coed Glas (2)
Coed-Glas (1)
The Hollies
Springwood (1)
Springwood (2)
Bryn Hafod
Ty Calon
Lakeside
Eastern High
Llanedeyrn
Greenway
Ysgol Glantaf (2)
Ysgol Glantaf (1)
Meadowbank School
Cathays HS
Fairoak PS
Ysgol Plasmawr
Marion Centre (BoL)
Marlborough
Pentrebane PS
Cantonian HS
Riverbank School*
Woodlands High.School*
Fairwater PS
Herbert Thompson PS E&A
Baden Powell
Severn PS
Moorland
Winsdor Clive PS
Ty Gwyn School
Willows
Cardiff West CHS
Ysgol Pwll Coch WBC (2)
Ysgol Pwll Coch (1)
Facility Type
SRB
Special School
ALN Type
ASC (9)
CLN (16)
EHW (16)
HI (2)
S&L (1)

## আসনসমূহের জন্য চাহিদা

কাউন্সিল বিশেষজ্ঞ বিধান তথা বন্দোবস্তে অতিরিক্ত শেখার চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য আরও বিকাশ এবং সুযোগ-সুবিধা বাড়ানোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যেখানে স্থায়ী প্লেইসমেন্ট উপযুক্ত।

কার্ডিফ শিক্ষার্থীদের জন্য বিশেষজ্ঞ স্থানের সংখ্যা এবং ধরনের মধ্যে উপযুক্ত ভারসাম্য রয়েছে তা নিশ্চিত করার জন্য প্রস্তাবগুলির বিকাশকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

প্রস্তাবগুলির এই সেটটি শেখার জটিল চাহিদাসমূহের জন্য 262টি বিশেষজ্ঞ প্লেইস তথা আসন যোগান দেবে।

প্রতিটি স্কুল স্কুলে রাখা শিক্ষার্থীদের জন্য উপযুক্ত শ্রেণিকক্ষ এবং সহায়তা সুবিধা রয়েছে তা নিশ্চিত করার জন্য বিনিয়োগ গ্রহণ করবে।

### Adamsdown প্রাইমারি স্কুলে একটি জটিল লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস প্রতিষ্ঠার প্রস্তাব

এডামসডাউন (Adamsdown) প্রাইমারি স্কুল নার্সারি বিধান সমেত একটি ইংরেজি-মাধ্যম কমিউনিটি প্রাইমারি স্কুল যেটি System Street, Adamsdown, Cardiff, CF24 0JF ঠিকানায় অবস্থিত।




স্কুলটি প্রতি বছর 60 জন শিক্ষার্থীকে ভর্তি করে এবং 40টি নার্সারি জায়গা রয়েছে।

প্রাইমারি বয়স বিশেষজ্ঞ বিধান তথা বন্দোবস্তের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে কাউন্সিল প্রস্তাব করছে:

- জানুয়ারী 2027 থেকে এডামসডাউন প্রাইমারি স্কুলে একটি নতুন 10 প্লেইস কমপ্লেক্স লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস প্রতিষ্ঠা করা।

প্রস্তাব করা হয়েছে যে বেইসটি বিদ্যমান স্কুল ভবনের মধ্যে রাখা হবে।

## Pencaerau প্রাইমারি স্কুলে একটি জটিল লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস প্রতিষ্ঠার প্রস্তাব

Pencaerau প্রাইমারি স্কুল নার্সারি বিধান সমেত একটি ইংরেজি-মাধ্যম কমিউনিটি প্রাইমারি স্কুল যেটি Cyntwell Ave, Caerau, Cardiff, CF5 5QN ঠিকানায় অবস্থিত।



স্কুলটি প্রতি বছর 60 জন শিক্ষার্থীকে ভর্তি করে এবং ৪0টি নার্সারি জায়গা রয়েছে।

প্রাইমারি বয়স বিশেষজ্ঞ বিধানের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে কাউন্সিল প্রস্তাব করছে:

- জানুয়ারী 2027 থেকে Pencaerau প্রাইমারি স্কুলে একটি নতুন 20 প্লেইস কমপ্লেক্স লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস প্রতিষ্ঠা করা

প্রস্তাব করা হয়েছে যে বেইসটি বিদ্যমান স্কুল ভবনের মধ্যে রাখা হবে।

## Peter Lea প্রাইমারি স্কুলে একটি জটিল লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস স্থাপনের প্রস্তাব

Peter Lea প্রাইমারি স্কুল নার্সারি বিধান সমেত একটি ইংরেজি-মাধ্যম কমিউনিটি প্রাইমারি স্কুল যেটি Carter Place, Fairwater, Cardiff, CF5 3NP ঠিকানায় অবস্থিত।



স্কুলটি প্রতি বছর 45 জন শিক্ষার্থীকে ভর্তি করে এবং ৪0টি নার্সারি জায়গা রয়েছে।

প্রাইমারি বয়স বিশেষজ্ঞ বিধানের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে কাউন্সিল প্রস্তাব করছে:

- জানুয়ারী 2027 থেকে Peter Lea প্রাইমারি স্কুলে একটি নতুন 20 প্লেইস কমপ্লেক্স লার্নিং নিডস স্পেশালিস্ট রিসোর্স বেইস স্থাপন করা

প্রস্তাব করা হয়েছে যে বেইসটি বিদ্যমান স্কুল ভবনের মধ্যে রাখা হবে।

## Meadowbank স্পেশাল স্কুলে জায়গা সংখ্যা বাড়ানোর প্রস্তাব

মেডোব্যাংক (Meadowbank) স্পেশাল স্কুল হলো বাচন এবং ভাষা অসুবিধা এবং যোগাযোগ চাহিদা এবং শেখার জটিল চাহিদাসম্পন্ন প্রাইমারি বয়সের শিক্ষার্থীদের জন্য একটি ইংরেজি-মাধ্যম বিশেষ স্কুল যেটি Colwill Road, Gabalfa, CF14 2QQ ঠিকানায় অবস্থিত।



জটিল শিক্ষার চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য প্রাইমারি বিশেষ স্কুলের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে প্রস্তাব করা হয়েছে:

- জানুয়ারী 2027 থেকে মেডোব্যাংক স্পেশাল স্কুলের নির্ধারিত সংখ্যা 98 থেকে 110-এ বৃদ্ধি করা

প্রস্তাব করা হয়েছে যে অতিরিক্ত শিক্ষার্থীদের বিদ্যমান ভবনগুলিতে থাকার ব্যবস্থা করা হবে।

## Tŷ Gwyn স্পেশাল স্কুলে স্থানের সংখ্যা বৃদ্ধি এবং স্কুলটি Tŷ Glas এর নতুন নির্মিত আবাসনে স্থানান্তর করার প্রস্তাব

টি গুইন (Tŷ Gwyn) স্পেশাল স্কুল একটি ইংরেজি মাধ্যম বিশেষ স্কুল যা প্রাইমারি এবং সেকেন্ডারী বয়সী গভীর এবং একাধিক শেখার অসুবিধা, গুরুতর শেখার অসুবিধা, অটিজম এবং জটিল চিকিৎসা চাহিসাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য যেটি Vincent Road, Caerau ঠিকানায় অবস্থিত।



জটিল শিক্ষার চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য প্রাইমারি ও সেকেন্ডারী বিশেষ স্কুলের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে প্রস্তাব করা হয়েছে:

- জানুয়ারী 2027 থেকে একটি রূপান্তর সময়ের জন্য রিভারব্যাংক স্পেশাল স্কুল, ভিনসেন্ট রোড, ইলি-তে (Riverbank Special School, Vincent Road, Ely) বিদ্যমান বিল্ডিং এবং খালি আবাসন ব্যবহার করে টু গুইন (Tŷ Gwyn) স্পেশাল স্কুলের ক্ষমতা 240টি প্লেইস থেকে 300টি প্লেইসে বৃদ্ধি করা

- সম্প্রসারিত স্কুলটি সেপ্টেম্বর 2030 থেকে 320টি প্লেইসে ক্ষমতা বৃদ্ধি করে Tŷ Glas, Llanishen সাইটে নতুন নির্মিত আবাসনে স্থানান্তরিত হবে

## Woodlands হাই স্কুলে জায়গার সংখ্যা বাড়ানোর প্রস্তাব

উডল্যান্ডস (Woodlands) হাই স্কুল একটি ইংরেজি মাধ্যম বিশেষ স্কুল যা জটিল শেখার প্রয়োজন এবং/অথবা অটিজমসম্পন্ন সেকেন্ডারী বয়সের শিক্ষার্থীদের জন্য এবং এটি Vincent Road, Caerau ঠিকানায় অবস্থিত।




স্কুলটি 2026 সালের সেপ্টেম্বর থেকে ফেয়ারওয়াটার কমিউনিটি ক্যাম্পাসের নতুন সাইটে স্থানান্তরিত হবে।

জটিল শেখার প্রয়োজনীয়তা এবং/অথবা অটিজমসম্পন্ন শিক্ষার্থীদের জন্য সেকেন্ডারী বিশেষ স্কুলের প্লেইসগুলির ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এটি প্রস্তাব করা হয়েছে:

- জানুয়ারী 2027 থেকে উডল্যান্ডস হাই স্কুলের সক্ষমতা 240টি প্লেইস থেকে 300 প্লেইসে বৃদ্ধি করা
- স্কুলটি ফেয়ারওয়াটার কমিউনিটি ক্যাম্পাস সাইট এবং বিদ্যমান ভিনসেন্ট রোড ক্যাম্পাস সাইট সহ দুটি সাইটে প্লেইস দেওয়া হবে।
- ভিনসেন্ট রোড ক্যাম্পাস সাইটে নতুন নির্মিত আবাসনের কাজ শেষ হওয়ার পরে সেপ্টেম্বর 2032 থেকে স্কুলের ক্ষমতা আরও 360টি প্লেইসে উন্নীত করা হবে।

## প্রস্তাবিত পরিবর্তনগুলির সুবিধা

বিশেষজ্ঞ বিধানের সম্প্রসারণকে সমর্থন করার জন্য, প্রস্তাবগুলি:

- বিদ্যমান স্কুল আবাসন ব্যবহার করে, যেখানে সম্ভব
- স্থানীয় চাহিদার সাথে মূলধারার আসন তথা জায়গাগুলির সংখ্যা আরও ভালভাবে মিলায় এবং উদ্বৃত্ত জায়গাগুলি হ্রাস করে।

এই প্রস্তাবগুলি হলো:

- শেখার জটিল চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য জায়গার সংখ্যা বৃদ্ধি করা এবং ভবিষ্যতের চাহিদা মেটাতে সহায়তা করা।
- বিদ্যমান স্কুল ভবনগুলির সর্বোত্তম ব্যবহার করা, যেখানে সম্ভব।
- কার্ডিফে আরও জায়গা সরবরাহ করে কাউন্টির বাইরে প্লেইসমেন্টের প্রয়োজনীয়তা হ্রাস করা।
- তাদের বাড়ির কাছাকাছি শেখার অতিরিক্ত চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য আরও জায়গা অফার করা, যাতে তারা ভ্রমণে কম সময় ব্যয় করে এবং পরিবারগুলি আরও জড়িত হতে পারে।
- বিদ্যমান স্থানগুলি এক্সেস করা সহজ করে এবং শেখার অতিরিক্ত চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য আরও অন্তর্ভুক্তিমূলক করে শিক্ষার্থীদের কল্যাণ উন্নত করা।
- পরিবর্তনগুলি পর্যায়ক্রমে ঘটতে দেওয়া এবং ভবিষ্যতে যদি শিক্ষার্থীর সংখ্যা বাড়ে বা হ্রাস পায় তবে আবার জায়গাগুলির ব্যবহার পরিবর্তন করা সম্ভব করা।
- বড় ভবন প্রকল্পগুলির প্রয়োজনীয়তা এড়িয়ে চলা, যা টেকসই লক্ষ্যগুলিকে সমর্থন করে।

## প্রস্তাবিত পরিবর্তনগুলির সম্ভাব্য অসুবিধা

- শেখার অতিরিক্ত চাহিদাসম্পন্ন কিছু শিক্ষার্থীদের কাছে পরিবর্তন কঠিন বলে মনে হতে পারে। তারা একটি নতুন সাইটে একটি নতুন বিল্ডিংয়ে স্থানান্তরিত হওয়া অস্থিরতা আর উদ্বেগদায়ক বলে মনে করতে পারে। আমরা জানি যে নতুন পরিবেশের সাথে খাপ খাইয়ে নেওয়ার জন্য তাদের সাবধানতার সাথে পরিকল্পিত সহায়তার প্রয়োজন হবে। তথাপি, এই জাতীয় পরিবর্তনের পরিকল্পনা এবং সমর্থন করার জন্য পর্যাপ্ত সময় এবং সুপ্রতিষ্ঠিত প্রক্রিয়া থাকবে।

- দিনের শুরুতে এবং শেষে স্কুল সাইটগুলির আশেপাশে যানজট বাড়ার সম্ভাবনা রয়েছে। যে কোনও সম্ভাব্য বিঘ্ন হ্রাস করার জন্য একটি ভ্রমণ পরিকল্পনা তৈরি করতে কাউন্সিল স্কুলগুলির গভর্নিং বডিগুলির সাথে কাজ করবে।

## ঝুঁকিসমূহ

- যদি বিল্ডিং কাজ বা সংস্কারের প্রয়োজন হয়, তা হলে এমন সমস্যা দেখা দিতে পারে যা কাজকে বিলম্বিত করে। যদি সঠিক ঠিকাদার খুঁজে পাওয়া কঠিন হয়, যদি প্রকল্পটি প্রত্যাশার চেয়ে বেশি সময় নেয় বা পর্যাপ্ত তহবিল না থাকে তবে এটি ঘটতে পারে। তবে, স্কুল বিল্ডিং প্রকল্পগুলি পরিচালনা করার ক্ষেত্রে কাউন্সিলের প্রচুর অভিজ্ঞতা রয়েছে, তাই এটি যেকোন সমস্যা মোকাবেলা করার জন্য ভালভাবে প্রস্তুত।

### গুণগতমান এবং আদর্শমান

কাউন্সিল স্কুলের গভর্নিং বডিগুলির সাথে কাজ করে এটি নিশ্চিত করতে যে স্কুলগুলিতে মান উচ্চ, শিক্ষাদান ভাল এবং নেতৃত্ব এবং প্রশাসন শক্তিশালী।

প্রস্তাবিত পরিবর্তনগুলিতে অন্তর্ভুক্ত পাঁচটি স্কুলের মান ভাল।

প্রতিটি স্কুলের জন্য সাম্প্রতিকতম এস্টিন (Estyn) রিপোর্টটি নীচের লিঙ্কগুলি অনুসরণ করে পাওয়া যাবে।

- Inspection report Adamsdown Primary School 2023
- Inspection report Pencaerau Primary School 2019
- Inspection report Peter Lea Primary School 2018
- Inspection report Meadowbank Special School 2019
- Inspection report Western Learning Federation Ty Gwyn Special School 2023
- Inspection report Western Learning Federation Woodlands High School 2023

## শিক্ষার্থীদের জন্য সমর্থন কীভাবে প্রভাবিত হবে?

স্কুলটি সমস্ত শিক্ষার্থীর পৃথক পৃথক চাহিদাসমূহের জন্য উপযুক্ত সহায়তা সরবরাহ অব্যাহত রাখবে।

প্রস্তাবিত পরিবর্তনগুলির দ্বারা নীচের যেকোন গোষ্ঠীর চাহিদাসমূহের নেতিবাচকভাবে প্রভাবিত হবে এমন পরামর্শ দেওয়ার মতো কোনও তথ্য নেই:

- অতিরিক্ত শেখার চাহিদাসম্পন্ন শিক্ষার্থীগণ
- অতিরিক্ত ভাষা হিসাবে ইংরেজি সহ শিক্ষার্থীগণ
- শিক্ষার্থীরা বিনামূল্যে স্কুল খাবার পাবে
- সংখ্যালঘু জাতিগত শিক্ষার্থীগণ

## শিক্ষার্থীদের ভ্রমণ ব্যবস্থা এবং ট্র্যাফিক এবং পরিবহণ

কাউন্সিলের পরিবহণ নীতি কাউন্সিলের এই ওয়েবসাইটে দেখা যাবেঃ www.cardiff.gov.uk

কাউন্সিলকে অবশ্যই নিকটতম উপযুক্ত স্কুল এবং সেকেন্ডারী স্কুলের শিক্ষার্থীদের থেকে 2 মাইল বা তার বেশি দূরত্বে বসবাসকারী প্রাইমারি স্কুল শিক্ষার্থীদের বিনামূল্যে হোম টু স্কুল (ঘর থেকে স্কুল) পরিবহণ সরবরাহ করতে হবে যারা নিকটতম উপযুক্ত স্কুল থেকে 3 মাইল বা তার বেশি দূরে বাস করে, যা সংক্ষিপ্ততম উপলব্ধ হাঁটার পথ দ্বারা পরিমাপ করা হয়।

কাউন্সিল উপরে বর্ণিত পদ্ধতির উপর ভিত্তি করে বিশেষ স্কুল এবং বিশেষজ্ঞ রিসোর্স বেইস শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে হোম-টু-স্কুল পরিবহণ সরবরাহ করে। উপরোক্ত দূরত্বের মধ্যে বসবাসকারী কিছু শিক্ষার্থী ব্যক্তিগত প্রয়োজন বা সামাজিক সমস্যার কারণে স্কুলে বিনামূল্যে পরিবহণ পেতে পারে।

যদি প্রস্তাবগুলি এগিয়ে যায় তবে বেশিরভাগ বিশেষ স্কুল শিক্ষার্থীরা এরপরও বিনামূল্যে হোম টু স্কুল পরিবহণের জন্য যোগ্য হবে। কিন্তু, আরও স্থানীয় বিশেষজ্ঞ বিধানের কারণে কিছু শিক্ষার্থীর কম ভ্রমণ দূরত্ব থাকতে পারে। এটি কিছু লোককে স্বাধীনভাবে ভ্রমণ করার সুযোগ দিতে পারে। কাউন্সিল স্বতন্ত্র ভ্রমণ প্রশিক্ষণ এবং সাইকেল প্রশিক্ষণের ব্যাপারে শিক্ষার্থীদের সহায়তা করে। এটি সক্রিয় এবং টেকসই ভ্রমণকে সমর্থন করে সহজ গণপরিবহন রুটগুলিও পরিকল্পনা করে।

প্রতিটি স্কুলের অবস্থানে লার্নার ট্রান্সপোর্ট যানবাহনের জন্য সাইটে উপযুক্ত ড্রপ-অফ (নামিয়ে দেওয়ার) এবং পিক-আপ (উঠানোর) সুনির্দিষ্ট স্থান প্রয়োজন।

ড্রপ-অফ এবং পিক-আপ অঞ্চলগুলি অবশ্যই উপযুক্ত সংখ্যক যানবাহনের জন্য যথেষ্ট বড় হতে হবে। এটি সাধারণত প্রতি তিনজন শিক্ষার্থীর জন্য একটি ট্যাক্সি। কখনও কখনও মিনিবাস ব্যবহার করা হতে পারে, শিক্ষার্থীর প্রয়োজনের উপর নির্ভর করে, তারা কোথায় বাস করে এবং কীভাবে রুটগুলি সমন্বয় করা হয়।

## শিক্ষা স্টাফ উন্নয়ন

বিশেষজ্ঞ স্থানগুলির পরিকল্পিত বৃদ্ধি কতজন স্টাফের প্রয়োজন তা প্রভাবিত করবে। আরও বেশি শিক্ষার্থী বিশেষজ্ঞ স্কুলে যাওয়ার সাথে সাথে কিছু মূলধারার স্কুলে কম স্টাফের প্রয়োজন হবে। নতুন বিশেষজ্ঞ বিধানে আরও কর্মসংস্থান সৃষ্টি হবে। শিক্ষক, উচ্চতর স্তরের টিচিং এসিস্ট্যান্ট, টিচিং এসিস্ট্যান্ট, মিডডে সুপারভাইজার এবং অন্যান্য সাপোর্ট স্টাফ সহ বিদ্যমান স্টাফদের জন্য কাউন্সিলের জন্য নতুন ভূমিকা তৈরি করার সুযোগ থাকবে।

কাউন্সিলের স্টেইকহোল্ডারদের সাথে একটি ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট গ্রুপ রয়েছে যা স্কুল স্টাফদের নিয়োগ, প্রশিক্ষণ এবং ধরে রাখাকে সমর্থন করে। গ্রুপটি প্রতিটি বিশেষজ্ঞ বিধানে শিক্ষার্থীদের জন্য সেরা স্টাফিং মডেল তৈরি করে।

## এরপর কী হবে?

## গুরুত্বপূর্ণ তারিখসমূহ

কাউন্সিল এই কনসালটেশন থেকে মতামত সংগ্রহ করবে এবং সংক্ষিপ্তসার করবে। কাউন্সিল কর্মকর্তারা তখন কাউন্সিলের ক্যাবিনেটে এটি রিপোর্ট করবেন। এটি নির্বাচিত সদস্যদের স্টেইকহোল্ডারদের মতামত বুঝতে সহায়তা করবে এবং তাদের সিদ্ধান্ত নিতে সহায়তা করার জন্য তাদের তথ্য দেবে।

ক্যাবিনেট যদি প্রস্তাবগুলি এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে তারা অবশ্যই 'সংবিধিবদ্ধ নোটিশ' নামে একটি নথি প্রকাশ করতে হবে। সংবিধিবদ্ধ নোটিশে প্রস্তাবগুলির বিশদ বিবরণ তুলে ধরে এবং যদি কেউ আপত্তি জানাতে চায় তাকে তা করতে বলে। আপত্তি অবশ্যই লিখিত আকারে হতে হবে। নোটিশে প্রদত্ত তারিখের মধ্যে এগুলি অবশ্যই কাউন্সিলে প্রেরণ করতে হবে।

ক্যাবিনেট প্রস্তাবটি অনুমোদন বা প্রত্যাখ্যান করার সিদ্ধান্ত নিতে পারে, বা তারা কিছু পরিবর্তন (সংশোধন) সহ প্রস্তাবটি অনুমোদন করতে পারে। ক্যাবিনেট তাদের সিদ্ধান্ত গ্রহণের সময় আপত্তি সময়কালে প্রাপ্ত যেকোন আপত্তি বিবেচনায় নেবে।

সিদ্ধান্ত নেওয়া হয়ে গেলে, আমরা প্রস্তাবের দ্বারা প্রভাবিত প্রত্যেককে জানাব। সিদ্ধান্তটি কাউন্সিলের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।